# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৪৬১

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যে হাদীস অপরিপক্ক ইলমের অধিকারী ব্যক্তিকে এই সংশয়ে ফেলে দেয় যে, হাদীসটি হয়তো আমাদের পূর্বে বর্ণিত হাদীসসমূহের বিপরীত

## ذِكْرُ خَبَرٍ قَدْ يُوهِمُ مَنْ لَمْ يُحْكِمْ صِنَاعَةَ الْعِلْمِ أَنَّهُ مُضَادٌّ لِلْأَخْبَارِ الَّتِي تَقَدَّمَ ذكرنا لها

আরবী

1461 ـ أَخْبَرَنَا يَحْيَى بْنُ عَمْرٍو بِالْفُسْطَاطِ حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ بْنِ الْعَلَاءِ الزُّبَيْدِيُّ حَدَّثَنَا مُحَمَّدُ بن حمير الْأَوْزَاعِيِّ عَنْ يَحْيَى بْنِ أَبِي كَثِيرٍ عَنْ أَبِي قِلَابَةَ عَنْ عَمِّهِ عَنْ بُرَيْدَةَ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (بَكِّروا بِالصَّلَاةِ فِي يَوْمِ الْغَيْمِ فَإِنَّهُ مَنْ تَرَكَ الصلاة فقد كفر)

الراوي : بُرَيْدَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1461 | خلاصة حكم المحدث.صحيح؛ دون جملة التكبير؛ فهي موقوفة ـ ((الإرواء)) (1/ 276/255) , ((التعليق الرغيب)) (1/ 169).

قَالَ أَبُو حَاتِمٍ رَضِيَ اللَّهُ عَنْهُ: أَطْلَقَ الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اسْمَ الْكُفْرِ عَلَى تَارِكِ الصَّلَاةِ إِذْ تَرْكُ الصَّلَاةِ أَوَّلُ بِدَايَةِ الْكُفْرِ لِأَنَّ الْمَرْءَ إِذَا تَرَكَ الصَّلَاةَ وَاعْتَادَهُ ارْتَقَى مِنْهُ إِلَى تَرْكِ غَيْرِهَا مِنَ الْفَرَائِضِ وَإِذَا اعْتَادَ تَرْكَ الْفَرَائِضِ أَدَّاه ذَلِكَ إِلَى الْجَحْدِ فَأَطْلَقَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اسْمَ النِّهَايَةِ الَّتِي هِيَ آخِرُ شُعب الْكُفْرِ عَلَى الْبِدَايَةِ الَّتِي هِيَ أَوَّلُ شُعبها وَهِيَ ترك الصلاة

বাংলা

১৪৬১. বুরাইদা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “মেঘাচ্ছন্ন দিনে তোমরা সালাত সকাল সকাল আদায় করবে, কেননা যে ব্যক্তি সালাত ছেড়ে দেয়, সে কাফের হয়ে যায়।”[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সালাত পরিত্যাগকারীর ক্ষেত্রে কুফর নাম ব্যবহার করেছেন, কেননা সালাত ত্যাগ করা হলো কুফরের সুচনা। কারণ কোন মানুষ যখন সালাত পরিত্যাগ করে এবং তাতে অভ্যস্ত হয়ে যায়, তখন অন্যান্য ফরয বিধান পরিত্যাগ করার ক্ষেত্রেও অভ্যস্ত হয়ে যায়। এভাবে যখন সে ফরয বিধান পরিত্যাগ করতে অভ্যস্ত হয়ে যায়, তখন সে ক্রমান্বয়ে তা অস্বীকার করার পর্যায়ে চলে যায়। কাজেই রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এখানে কুফরের সূচনা তথা সালাত পরিত্যাগ করার ক্ষেত্রে কুফরের শেষপর্যায়ের নাম ব্যবহার করেছেন।”

## ফুটনোট

[1] মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/৩৪২; মুসনাদ আহমাদ: ৫/৩৬১; ইবনু মাজাহ: ৬৯৪; সুনান বাইহাকী: ১/৪৪৪।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে ‘সকাল সকাল সালাত আদায় করার অংশ ব্যতীত বাকী অংশ সহীহ বলেছেন। (আত তা‘লীকুর রাগীব: ১/১৬৯)

হাদিসের মান: সহিহ/যঈফ [মিশ্রিত] পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ বুরায়দাহ ইবনু হুসাইব আল-আসলামী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90776

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন